



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ।

কার্যালয়ঃ বাসা নং-৩৪৬/২, ঢোলাদিয়া রোড(কাঠগোলা বাজার), ময়মনসিংহ।
ফোন : ০৯১-৫৩৩৩৪, ০৯১-৫১৮০৭, E-mail : chairmanbisemym@gmail.com,
www.mymensingheducationboard.gov.bd



স্মারক নং-ময়শিবো/পনি/উমা/০৯/০৪/১৯/২৪

তারিখ : ১৬/০৩/২০২২ খ্রি.

বিষয়: এসএসসি ও এইচএসসি /২০২১ পরীক্ষার অব্যবহৃত প্রশ্নপত্র অথবা অন্যান্য অব্যবহৃত উদ্বৃত্ত মালামাল বোর্ডে জমাদান প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে অত্র বোর্ডের অন্তর্গত ২০২১ সালের এসএসসি ও এইচএসসি পরীক্ষা কেন্দ্রের সকল ভারপ্রাপ্ত কর্মকর্তা ও কেন্দ্র সচিবগণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, যে সকল কেন্দ্র ২০২১ সালের এসএসসি ও এইচএসসি পরীক্ষায় অব্যবহৃত মালামাল বোর্ডে জমাদানের সময় অব্যবহৃত প্রশ্নপত্র, প্রশ্নপত্রের প্যাকেট অথবা অন্যকোন অব্যবহৃত উদ্বৃত্ত মালামাল (যদি থাকে) বোর্ডে জমা দেননি তাঁরা আগামী ২৪-০৩-২০২২খ্রি: তারিখে (বৃহস্পতিবার) উল্লিখিত উদ্বৃত্ত মালামালগুলো নিজ খরচে সকাল ১০.০০ টা হতে দুপুর ১.০০ টার মধ্যে বোর্ডের পরীক্ষা শাখায় (০২-নং ভবন) জমাদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। উক্ত তারিখের পর এ সংক্রান্ত প্রশ্নপত্র, প্রশ্নপত্রের প্যাকেট অথবা অন্যকোন অব্যবহৃত উদ্বৃত্ত মালামাল কোন কেন্দ্রে বা কেন্দ্র কর্তৃক বিক্রয়ের মাধ্যমে অন্য কোথাও পাওয়া গেলে উক্ত ভারপ্রাপ্ত কর্মকর্তা/অধ্যক্ষ ও কেন্দ্র সচিব 'পরীক্ষা পরিচালনা সংক্রান্ত নীতিমালা' এর সেকশন-৫ এর সাব সেকশন (ত) লঙ্ঘন করেছেন বলে বিবেচিত হবেন এবং উক্ত কর্মকর্তাদের জন্য তাঁর বিরুদ্ধে (সংশ্লিষ্ট কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা অথবা কেন্দ্র সচিব) পরীক্ষা কমিটির সিদ্ধান্তের আলোকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।

বিষয়টি অতিব জরুরী।

প্রাপকঃ

ভারপ্রাপ্ত কর্মকর্তা ও কেন্দ্র সচিব

অত্র বোর্ডের আওতাধীন সকল এসএসসি ও এইচএসসি-

২০২১খ্রি: সালের পরীক্ষা কেন্দ্র সমূহ।

(মোঃ সামছুল ইসলাম)

পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড,
ময়মনসিংহ।

ফোন : ০২-৯৯৭৭১০৪৪২

E-mail : conbisemym@gmail.com

অনুলিপিঃ

০১। সচিব, অত্র শিক্ষা বোর্ড;

০২। উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (মাধ্যমিক), অত্র শিক্ষা বোর্ড ;

০৩। উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (উচ্চমাধ্যমিক), অত্র শিক্ষা বোর্ড ;

০৪। চেয়ারম্যান মহোদয়ের একান্তসচিব, অত্র শিক্ষা বোর্ড ;

০৫। অফিস কপি।